

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭০১(আগরতলা-১৪।১১)
কমলপুর, ১৪ নভেম্বর, ২০১৭।

বিমল সিংহ স্মৃতি মহকুমা হাসপাতালে
জেনেরিক মেডিসিনের কাউন্টার

কমলপুর প্রাইমারী কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির উদ্যোগে কমলপুর বিমল সিংহ স্মৃতি মহকুমা হাসপাতালে খোলা হয়েছে জেনেরিক মেডিসিনের কাউন্টার। গত ১১ নভেম্বর এক অনুষ্ঠানে এর উদ্বোধন করে বিধায়ক বিজয়লক্ষ্মী সিন্হা বলেন, এই কাউন্টার চালু হওয়ার ফলে এখানকার জনগণের জেনেরিক মেডিসিন পাওয়ার ক্ষেত্রে সুযোগ সম্প্রসারিত হল। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সুব্রত ভট্টাচার্য, দুর্গা চৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মানবেন্দ্র দেব, সমাজসেবী কমল কর, ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক শচীন্দ্র রিয়াং সহ অন্যান্যরা।

This document is a scanned copy of a message. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com